মেহেরপুরে কৃষি মেলার উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলায় কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় মেহেরপুরে তিন দিনব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার (১২ জুন) সকাল ১০ টার সময় মেহেরপুর সদর উপজেলা প্রাঙ্গণে মেলার উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান সভাপতিত্বে মেলার উদ্বোধন করেন সদর উপজেলা চেয়ারম্যান আনারুল ইসলাম।

এ সময় সদর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মনিরুজ্জামান, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা উপস্থিত ছিলেন।

মেলায় আটটি স্টল অংশগ্রহণ করছে। স্টল গুলোতে কৃষকের উৎপাদিত বিভিন্ন কৃষি পণ্যসহ বিভিন্ন ফলজ ও বনজ গাছ প্রদর্শন করা হচ্ছে।

মুজিবনগরে কৃষি মেলার উদ্বোধন ও র্যালি

কৃষিই সমৃদ্ধি এ এই প্রতিপাদ্যে মুজিবনগরে কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় ৩ দিন ব্যাপি কৃষি মেলা ২০২৪ এর উদ্বোধন ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১ টায় উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত কৃষি মেলা মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন, উদ্বোধন শেষে প্রধান অতিথির নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়।

উদ্বোধন ও র্যালিতে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদ হাসান রাজিব মহিলা ভাইস চেয়ারম্যান তকলিমা

খাতুন, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন উপজেলা ছাত্রলীগের সভাপতি ইমাম হোসেন ইমন সহ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারী ও সাধারণ কৃষকবৃন্দ।

উদ্বোধন ও রেলি শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দ মেলা অবস্থিত দশটি স্টল ঘুরে দেখেন।

কৃষি মেলা ২০২৪ এর সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি অফিসার আব্দুল মোমিন।

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ মেলার উদ্বোধন করা হয়।

এ উপলক্ষে সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

অনুষ্ঠানে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ ষষ্টী চন্দ্র রায়, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, কৃষি কর্মকর্তা নূর-এ-নবী, সদর উপজেলা অতিরিক্ত কৃষি অফিসার মুহাম্মদ জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানায়, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় ৩ দিন ব্যাপী এ মেলার উদ্বোধন করা হয়েছে। এতে জেলা ও উপজেলার ২০ টি স্টল প্রদর্শণ করা হয়েছে। এতে সদর উপজেলার বিভিন্ন গ্রামের কৃষক তাদের উৎপাদিত ফসল প্রদর্শণ করেছেন। আগামী শুক্রবার এ মেলার সমাপনী অনুষ্ঠিত হবে।

দামুড়হুদায় ২দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর হাই স্কুল মাঠে দুই দিনব্যাপী কৃষি মেলার শুভ উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। আজ সোমবার বেলা ১১ টার দিকে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, আমাদের দেশের কৃষকরাই হলো সেরা বিজ্ঞানী, কৃষিকাজে আমরা প্রতিনিয়তই তাদের কাছ থেকে কিছু না কিছু শিখি। কৃষি কাজে প্রচুর পরিমানে পানির ব্যবহার করা হয়, সে পানি যেন যুগোপযোগী ভাবে ব্যবহার হয় এবং পানির সাশ্রয় করা যায়। অর্থাৎ দক্ষ পানির ব্যবহার এবং উত্তম কৃষি ব্যবস্থাপনা। এই কৃষি উৎপাদন করতে গিয়ে আমরা যে পানি ব্যবহার করি, সেই পানি যাতে অপচয় না হয় সেদিকে বিশেষ ভাবে খেয়াল রাখতে হবে। একটা ইউনিয়নে মাঠের পর মাঠ এত ধান চাষ হয়, তাহলে সেখানে কতো পানির ব্যাবহার করা হয়। এই পানি কোনভাবেই অপচয় করা যাবে না। সব ক্ষেত্রে প্রচুর পরিমাণে পানির ব্যবহার করা হয়। এই পানি সাশ্রয় করে কমিয়ে কিভাবে উৎপাদন বাড়ানো যায়, সে দিকে বিশেষভাবে খেয়াল রাখা প্রয়োজন। তাই এই কৃষি মেলার অন্যতম উদ্দেশ্য হলো দক্ষ ভাবে পানি কিভাবে ব্যবস্থাপনা করা যায়, পানির উত্তম ব্যবহার করে কৃষি ব্যবস্থাপনা কিভাবে করা যায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান সহ উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আগত কৃষকেরা, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা, আমন্ত্রিত অতিথি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ৩ দিনের কৃষি মেলা শেষ এক দিনেই!

টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ির আয়োজনে,১৮ ই মার্চ শনিবার মুজিবনগরে আম্রকাননে ৩ দিনব্যাপী কৃষক সমাবেশ ও কৃষি মেলার উদ্বোধন করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সাংসদ ফরহাদ হোসেন প্রধান অতিথি থেকে মেলার উদ্বোধন করেন ।

উপজেলা কৃষি বিভাগ থেকে জানানো হয় ১৮ মার্চ থেকে ২০ মার্চ পর্যন্ত মেলা ও কন্দাল ফসল প্রদর্শনী করা হবে।বিভিন্ন সংবাদ পত্র,অনলাইন পোর্টালে উদ্বোধনী অনুষ্ঠানের প্রকাশিত সংবাদে ৩ দিন মেলা হবে সে তথ্য পাওয়া গেছে। এছাড়া ব্যানারেও সে তথ্য দেওয়া ছিল। কিন্তু ১৮ মার্চ উদ্বোধনের পর আমন্ত্রিত অতিথি বৃন্দ চলে যাওয়ার সাথে সাথে মেলার স্টলসহ সকল কার্যক্রম বন্ধ করে দেই উপজেলা কৃষি বিভাগ।
কি কারণে বন্ধ হলো এমন কথা জানতে চাইলে মেহেরপুর সদর উপজেলা কৃষি বিভাগ এবং মুজিবনগর কৃষি বিভাগ থেকে তেমন কোন সদুত্তর দিতে পারিনি। কৃষি বিভাগের দাবি উর্ধতন কতৃপক্ষের আদেশেই মেলা বন্ধ করা হয়ছে।
কোন ঘোষনা ছাড়াই হটাৎ মেলা বন্ধ হওয়া ক্ষোভ প্রকাশ করেছে এলাকার কৃষকরা। যে উদ্দেশ্য নিয়ে এই প্রকল্পটি হাতে নিয়েছে সরকার সে উদ্দেশ্য সফল হবে কিনা তা নিয়ে প্রশ্ন উঠেছে জনমনে।

মুজিবনগর উপজেলার বাগোয়ান, মানিকনগর, ভবেরপাড়ার বেশ কয়েকজন কৃষক জানান, উদ্বোধনের দিন শুনলাম তিনদিন থাকবে। কিন্তু গত রবিবার সকালে মেলা স্থলে গিয়ে কোন কিছুই দেখা যায়নি। কন্দাল ফসলের চাষ বৃদ্ধির মাধ্যমে দেশের বর্ধিত জনগোষ্টির খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা এবং পুষ্টিমান উন্নয়ন করা। প্রকল্প এলাকায় কন্দাল ফসলের আবাদ বাড়ানো, বাংলাদেশ কৃষি গবেষনা ইনস্টিটিউটের উদ্ভাবিত আলু, মিষ্টি আলু, গুলকচু, মুখীকচু, লতিকচু, কাসাভা ও গাছ আলুর প্রমানিতজাতগুলো সম্প্রসারণ করা। এছাড়াও সুবিধাবঞ্চিত ও সিডর-আক্রান্ত এলাকায় প্রশিক্ষন, উদ্বুদ্বকরণ, প্রদর্শনী কার্যক্রমরে

জীবননগরের তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

জীবননগরে তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে।মঙ্গলবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা চত্বরে এ কৃষি মেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাষ চন্দ্র সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক,সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন,বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী কৃষির জন্য,কৃষকের জন্য সব সময় কাজ করে যাচ্ছেন ।কৃষক যাতে চাষাবাদ করতে যেয়ে বিপাকে না পড়েন সে জন্য প্রতি বছরে ভতুকি দিয়ে যাচ্ছেন । এক আধুনিক যুগ কৃষিতেও এখন আধুনিকের ছোয়া লেগেছে প্রতি বছর জীবননগর উপজেলায় নতুন নতুন চাষ হচ্ছে ।বর্তমান এ উপজেলাতে ড্রাগন,স্ট্রোবেরি,মাল্টা,আনার ফলসহ যে সব নতুন ফলের চাষ হচ্ছে এ ধরনের চাষ বাংলাদেশের কোথাও হবে এমনটা কেউ কখনও ভাবতে পারিনি কিন্তু বর্তমান আধুনিক যুগ হওয়ার ফলে নতুন নতুন চাষ হচ্ছে এবং কৃষিতে উন্নত হচ্ছে।কৃষিতে উন্নয়নের জন্য যা যা দরকার সব ধরনের কাজ করা হবে।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা কৃষি অফিসার মোছাঃ শারমিন আক্তার।

দামুড়হুদা নতিপোতায় কৃষি মেলার উদ্বোধন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নতিপোতায় কৃষি মেলার শুভ উদ্বোধন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা ১১টার সময় প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে নতিপোতা হাই স্কুল চত্বরে এই কৃষি মেলার উদ্বোধন করা হয় এবং বিকাল ৪টার সময় পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

কৃষি মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব স্থানীয় সরকার পরিচালক (ভারপ্রাপ্ত) আরাফাত রহমান। বিকালে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাস চন্দ্র সাহা উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চুয়াডাঙ্গা।

প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক বেলাল হোসেন এর সভাপতিত্বে এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম প্রমুখ।

কোটচাঁদপুর তিন দিন ব্যাপী

কূষি মেলার উদ্বোধন

আমাদের কৃষি যতদিন ভাল থাকবে,আমরা ততদিন বাইরের তাপ কম পাব। সোমবার কোটচাঁদপুর উপজেলা চত্বরে তিনদিন ব্যাপী কৃষি মেলার উদ্ভোধনী অনুষ্ঠানে এ কথা বলেন ঝিনাইদহের জেলা প্রশাসক মনিরা বেগম।

তিনি বলেন, ইউক্রেন-রাশিয়ার যুদ্ধের কারনে অনেক দেশে খাদ্য পন্য ৪০/৫০ গুন বৃদ্ধি পেয়েছে। কিন্তুু আমাদের দেশে কৃষকের অবস্থা ভাল থাকায়, আমরা এখনও ভাল আছি। এ কারনে কৃষক যেন তাঁর ন্যায্যতা পান,সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি,ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, সাবেক মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী।

এ বছর মেলায় ২৩ স্টোল স্থান পেয়েছেন। যার মধ্যে সবার নজর কেড়েছেন খেজুর গাছ,গাছ, খেজুরের গুড় ও পাঠালি। এ ছাড়া নজরকাড়ে কালের পরিবর্তনে হারিয়ে যাওয়া বেশ কিছু মাছের স্টোলটিও।
পরে প্রধান অতিথি মেলার বিভিন্ন স্টোল ঘুরে ঘুরে প্রদর্শন করেন।